৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(ভূমি অধিগ্রহণ শাখা)
বরিশাল
www.barisal.gov.bd

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন,২০১৭ মোতাবেক
[ধারা ৪ এর (১) উপ-ধারা দ্রষ্টব্য]
এল.এ কেস নম্বর ০৮/২০২২-২৩

জারির নম্বর: ১০২২ তারিখ: ২৬/৫/২৩

প্রাপক : ১। উপজেলা নির্বাহী অফিসার, গৌরদী, বরিশাল, ২। সহকারী কমিশনার (ভূমি), গৌরনদী, বরিশাল, ৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, খাঞ্জাপুর ইউনিয়ন ভূমি অফিস, গৌরনদী, বরিশাল, ৪। চেয়ারম্যান, খাঞ্জাপুর ইউনিয়ন পরিষদ, খাঞ্জাপুর, গৌরনদী, বরিশাল ৫। সংশ্লিষ্ট মৌজা: দক্ষিণমাগুড়া।

যেহেতু নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি **৪র্থ স্বাস্থ, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (4th HPNSP) এর ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) শীর্ষক অপারেশনাল প্লানের আওতায় Construction of Magura Madaripur 10 Bed Hospital at Khanjapur Union Under Gournadi Upzilla in Barishal District.** নির্মাণের জন্য প্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭(২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির ১৫(পনের) দিনের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে জেলা প্রশাসক, বরিশাল এর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন। উক্ত সময়ের পর আর কোনো আপত্তি গ্রহণ করা হইবে না।

২৫-০৫-২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বা তারিখ হইতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হইবে। সরেজমিনে যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

"তফসিল"

জেলা: বরিশাল উপজেলা: গৌরনদী মৌজা: দক্ষিণমাগুড়া জেএল নং- ০৩

ক্রঃ নং	বিআরএস খতিয়ান নং	বিআরএস দাগ নং	দাগের মোট জমি (একরে)	প্রস্তাবিত জমি (একরে)	আংশিক/পূর্ণ	জমির শ্রেণি (রেকর্ড দৃষ্টে)	মন্তব্য
১	১৬৩	৫৮৯	০.৩৩	০.৩৩	পূর্ন	নাল	
২	১/১,	৬০৩	০.১৬	০.০৩	আংশিক	নাল	
৩	১/১,	৬০৪	০.১৭	০.০৪	আংশিক	নাল	
৪	১/১,	৬০৫	০.১০	০.১০	পূর্ণ	নাল	
৫	১/১,	৬০৬	০.১০	০.১০	পূর্ণ	নাল	
৬	১/১,	৬০৭	০.১০	০.১০	পূর্ণ	নাল	
৭	১/১,	৬০৮	০.১০	০.১০	পূর্ণ	নাল	
৮	৩৬	৬১৫	০.২০	০.২০	পূর্ণ	নাল	
			মোট	১.০০ একর			

অধিগ্রহণকৃত ভূমির মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জ্ঞাতব্য:

১। উল্লেখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদি ভিডিও/সরেজমিন তদন্ত করিয়া মালিকানা/দখল ইত্যাদি বিষয়ে তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে কাগজপত্র ও দলিলাদিসহ উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য দিন;

২। প্রস্তুতকৃত যৌথ তদন্তের একটি কপি আপনাকে প্রদান করা হইবে। এছাড়া তালিকাটি জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন পরিষদ কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে উন্মুক্ত থাকিবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে রেকর্ড হালনাগাদপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে মালিকানা প্রমাণে সহায়ক হইবে;

৩। অবৈধভাবে লাভবান হইবার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না, এরুপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না;

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন, স্বত্ব স্বার্থের বিবরণী দাখিলকরণ, ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন।

৫। অধিগ্রহণ সংশ্লিষ্ট জমির বিবরণ, অনলাইনে আবেদন দাখিল, আবেদন ফরম ও স্বত্ব-স্বার্থের বিবরণী ফরম **www.land.gov.bd** সাইটের অধিগ্রহণ সংক্রান্ত সেবা হতে গ্রহণ করিতে পারিবেন এবং অনলাইনেও নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদন/আপত্তি দাখিল করতে পারিবেন। তবে, শুনানিতে উপস্থিত বাধ্যতামূলক থাকিবে।

২৬-০৫-২৩
সার্ভেয়ার

২৬-০৫-২৩
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা

২৬/৫/২৩
কানুনগো
ভূমি অধিগ্রহণ শাখা

২৬/০৫/২৩
জেলা প্রশাসক
বরিশাল এর পক্ষে